

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনপুরা, ভোলা।

“পুকুর/জলাশয় ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মনপুরা উপজেলা পরিষদের মালিকানাধীন নিম্নবর্ণিত পুকুর/জলাশয়সমূহ মৎস্য চাষের জন্য ১৪২৮ বাংলা সন হতে ১৪৩০ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদান করা হবে। দরপত্রসমূহ আগামী ২২/০৩/২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয় হতে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ আগামী ২৩/০৩/২০২১ খ্রিস্টাব্দ তারিখ বেলা ১.০০ ঘটিকার মধ্যে অত্র কার্যালয়ে রক্ষিত বাস্তব দাখিল করতে হবে এবং একই দিন দুপুর ২.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

বিজ্ঞপ্তি	সিডিউল বিক্রয়ের তারিখ	দরপত্র দাখিল ও খোলার তারিখ এবং সময়	মন্তব্য
১ম বিজ্ঞপ্তি	১০ মার্চ/২১ হতে ২২ মার্চ/২১	২৩ মার্চ/২১ দুপুর ১.০০ ঘটিকা এবং খোলার সময় একই দিন দুপুর ২.০০ ঘটিকা।	১ম ডাকে যে সমস্ত পুকুর/জলাশয়ের কাক্ষিত ইজারা মূল্য পাওয়া যাবেনা
২য় বিজ্ঞপ্তি	২৪ মার্চ/২১ হতে ২৯ মার্চ/২১	৩০ মার্চ/২১ দুপুর ১.০০ ঘটিকা এবং খোলার সময় একই দিন দুপুর ২.০০ ঘটিকা।	২য় ডাকে যে সমস্ত পুকুর/জলাশয়ের দরপত্র দাখিল করতে হবে। এভাবে পর্যায়ক্রমে চলতে থাকবে।
৩য় বিজ্ঞপ্তি	৩০ মার্চ/২১ হতে ০৫ এপ্রিল/২১	০৬ এপ্রিল/২১ দুপুর ১.০০ ঘটিকা এবং খোলার সময় একই দিন দুপুর ২.০০ ঘটিকা।	


পুকুর/জলাশয়ের বিবরণ :

ক্রমিক লং	পুকুর/জলাশয়ের নাম	সভ্যাব্য ইজারা মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
০১	মনপুরা ডিগ্রী কলেজ সংলগ্ন পুকুর	১,২৫,০০০/-	১৩০০/-	
০২	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন পুকুর	১,৫৪,০০০/-	১৫০০/-	
০৩	হাজীরহাট ইউনিয়ন পরিষদের পুরাতন অফিস হতে পুরাতন মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত জলাশয়।	২১৪৫০/-	৫০০/-	

পুকুর/জলাশয় ইজারার শর্তাবলী :

০১. দরপত্রসমূহ সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপর দরপত্র দাতার নাম ও জলাশয়/পুকুরের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। ফরম পূরণ অবশ্যই ক্রটিমুক্ত হতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ওভার রাইটিং/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
০২. দরপত্র দাতাকে প্রদত্ত ইজারা মূল্যের ১০০% (একশতভাগ) অর্থ এবং উক্ত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৩% আয়করের অনুকূলে আলাদা আলাদাভাবে ০৩টি পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৩. দরপত্র অনুমোদিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্টাম্প সরকারের সাথে চুক্তিপত্র সম্পাদনের মাধ্যমে হাটের দখল গ্রহণ করতে হবে।
০৪. ইজারা সম্পর্কে কোন অভিযোগ থাকলে দরপত্র অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের বরাবরে অভিযোগ দাখিল করতে হবে।
০৫. পুকুর/জলাশয়ের পানি সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে এবং ইজারাদার পুকুর/জলাশয়ের পাড়ে বৃক্ষরোপণসহ উন্নয়ন মূলক কার্যাদি করতে পারবেন। তবে কোন গাছপালা কাটতে পারবেনা।
০৬. ইজারার মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ১৫ দিন পূর্বে মাছ অপসারণ করতে হবে, অন্যথায় ইজারাদারের বিরুদ্ধে মৎস্য বাজেয়াপ্তসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭. ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত পুকুর/জলাশয় অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত বা সাব-লিজ দিতে পারবেনা এবং পুকুর/জলাশয়ের সীমানা সংকোচন/পরিবর্তন/পরিবর্ধন বা কোন প্রকার ক্ষতি সাধন করতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন লঙ্ঘন ধরা পড়ে তবে উক্ত ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদান করা হবে।

০৮. পুকুর/জলাশয় ইজারা চুক্তির মেয়াদ ১৪৩০ বাংলা সালের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর বলবৎ থাকবে।
০৯. ইজারার বিষয়ে সরকার সময় সময় যে সকল নির্দেশ জারী করবেন তা ইজারাদারগণকে মেনে চলতে হবে।
১০. উপরোক্ত শর্তসমূহ কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করার এবং কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।




(মোঃ শাহীম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার (এঃ)
মনপুরা, ভোলা।

স্মারক নং- ০৫.১০.০৯৬৫.০০০.০৭.০০৩.২১-

তারিখ : ১০/০৩/২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. জেলা প্রশাসক, ভোলা।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।
০৫. উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/বোরহানউদ্দিন/দৌলতখা/লালমোহন/তজুমদ্দিন/চরফ্যাশন, ভোলা।
০৬. সহকারী কমিশনার (ভূমি), মনপুরা, ভোলা।
০৭. অফিসার ইনচার্জ, মনপুরা থানা, মনপুরা, ভোলা।
০৮. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/কৃষি ব্যাংক, মনপুরা শাখা, ভোলা।
০৯. চেয়ারম্যান, ১নং মনপুরা ইউনিয়ন /২নং হাজিরহাট ইউনিয়ন / ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়ন, ৪নং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন পরিষদ, মনপুরা, ভোলা।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মনপুরা / হাজিরহাট ইউপি/ সাকুচিয়া ইউনিয়ন ভূমি অফিস, মনপুরা, ভোলা। তাকে তার এলাকায় বিজ্ঞপ্তিটি গুরুত্বপূর্ণ স্থানে মাইকিং/টোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



উপজেলা নির্বাহী অফিসার (এঃ)
মনপুরা, ভোলা।